

পাঠ ২

# স্কুলে কেমন লাগছে



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- ▣ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- ▣ প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা।
- ▣ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

## পাঠের শিখনফল

- ২.১.১ প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পারব।
- ২.২.৩ সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারব।
- ২.২.৪ সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারব।
- ৬.১.১ স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারব।
- ৬.১.৫ স্পষ্ট স্বরে পরিচিত বিষয় সম্পর্কিত আলোচনার বিষয়বস্তু বুঝে অংশগ্রহণ করতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

আনন্দ	অবাক	দুঃখ	খুশি	মজা	পছন্দ	আঁকা	তিথি	ভালোবাসি	বন্ধু
প্রতিযোগিতা	দড়ি	পাহাড়	দারুণ						

## ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক

সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যান্ডিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

১/৩

চলো, পারি কি না দেখি

বলি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫

প্রশ্ন ক. তুমি কী কী করতে পছন্দ কর?

উত্তর : আমি বই পড়তে এবং গাছ লাগাতে পছন্দ করি।

প্রশ্ন খ. তোমার বন্ধুরা কে কী করতে পছন্দ করে?

উত্তর : তানিয়া বই পড়তে পছন্দ করে। সামিরা গান গাইতে পছন্দ করে। সুমন খেলাধুলা করতে পছন্দ করে। আর রফিক ছবি আঁকতে পছন্দ করে।



মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ



সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

শোনা



শিক্ষকের নিকট শুন লিখি

প্রশ্ন ১. শ্রেণিকক্ষে রাজু একটি ছড়া বলবে। তোমরা সবাই ছড়াটি শোন।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২১



ওখানে কে রে?

আমি খোকা।

মাথায় কী রে?

আমের বাঁকা

খাসনে কেন রে?

দাঁতে পোকা।

বিলুস নে কেন রে?

ওরে বাবা!

প্রশ্ন ২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।

দারুণ, আঁকা, গান, প্রতিযোগিতা।

উত্তর :

শব্দ	শব্দার্থ
দারুণ	অতিশয়, প্রবল
আঁকা	চিত্র করা, অঙ্কন করা
গান	সংগীত
প্রতিযোগিতা	প্রতিদ্বন্দ্বিতা

বলা



শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ৩. তিথি কী করতে পছন্দ করে?

উত্তর : তিথি খেলতে পছন্দ করে।

প্রশ্ন ৪. তিথি প্রতিযোগিতায় কোন বিষয়ে অংশ নেবে?

উত্তর : তিথি প্রতিযোগিতায় দড়ি লাফে অংশ নেবে।

প্রশ্ন ৫. কে ছবি আঁকতে পছন্দ করে?

উত্তর : রাজু ছবি আঁকতে পছন্দ করে।

প্রশ্ন ৬. কে ছড়া বলবে?

উত্তর : রাজু ছড়া বলবে।

লেখা



নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ৭. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কথোপকথন তৈরি কর।

রাশেদ : হ্যালো, আমার নাম রাশেদ।

শাহেদ : হাই, আমার নাম শাহেদ।

রাশেদ : তুমি কি স্কুলে নতুন ভর্তি হয়েছ?

শাহেদ : হ্যাঁ, আমি নতুন ভর্তি হয়েছি।

রাশেদ : তুমি কি স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার কথা শুনেছ?

শাহেদ : হ্যাঁ, শুনেছি?

রাশেদ : তুমি কোন কোন খেলায় অংশগ্রহণ করবে?

শাহেদ : আমি দৌড় এবং মোরগ লড়াইয়ে অংশগ্রহণ করব। আর তুমি?

রাশেদ : আমি অঙ্ক দৌড় এবং মোরগ লড়াইয়ে অংশগ্রহণ করব।

শাহেদ : অনেক মজা হবে।

রাশেদ : হ্যাঁ, সত্যি বলেছ।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	নিজের ভালো লাগা, মন্দ লাগা জানে।			
	সঠিক ও স্পষ্ট উচ্চারণ জানে।			
দক্ষতা	প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পেরেছে।			
	সহপাঠীদের সাথে কথোপকথন করতে পেরেছে।			
	সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পেরেছে।			
	আলোচনার বিষয়বস্তু বুঝে অংশগ্রহণ করতে পেরেছে।			
মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি	স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পেরেছে।			
	আগ্রহের সাথে কথোপকথনে অংশগ্রহণ করেছে।			
	ইতিবাচকভাবে কথোপকথনে অংশগ্রহণ করেছে।			
	স্বতঃস্ফূর্তভাবে কথোপকথনে অংশগ্রহণ করেছে।			

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন নিজেকে মূল্যায়ন করি

তারিখ : 

ধারাবাহিক মূল্যায়ন

সময় : .....

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : 

১। তোমার বন্ধুরা কে কী করতে পছন্দ করে?

২। তিথি কী করতে পছন্দ করে?

৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ।

দারুণ, আঁকা, গান, প্রতিযোগিতা।

### উত্তরমালা

১। তানিয়া বই পড়তে পছন্দ করে। সামিরা গান গাইতে পছন্দ করে। সুমন খেলাধুলা করতে পছন্দ করে। আর রফিক ছবি আঁকতে পছন্দ করে।

২। তিথি খেলতে পছন্দ করে।

৩।

শব্দ	শব্দার্থ
দারুণ	অতিশয়, প্রবল
আঁকা	চিত্র করা, অঙ্কন করা
গান	সংগীত
প্রতিযোগিতা	প্রতিদ্বন্দ্বিতা

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা